

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ অধিশাখা  
[www.rthd.govd.bd](http://www.rthd.govd.bd)


প্রজ্ঞাপন

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/০৬ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৪০৮ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪ এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য বৃদ্ধিজনিত কারণে ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করলঃ

- (ক) আন্তঃজেলা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭ সংখ্যক প্রজ্ঞাপনে উল্লিখিত প্রতি যাত্রি প্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া ১.৮০ টাকার স্থলে ২.২০ টাকা;
  - (খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭ সংখ্যক প্রজ্ঞাপনে উল্লিখিত প্রতি যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া যথাক্রমে ২.১৫ টাকার স্থলে ২.৫০ টাকা;
  - (গ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী মিনিবাস এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৭ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫১৭ সংখ্যক প্রজ্ঞাপনে উল্লিখিত প্রতি যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া ২.০৫ টাকার স্থলে ২.৪০ টাকা;
  - (ঘ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ১০.০০ টাকা এবং ৮.০০ টাকা;
  - (ঙ) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে আরামদায়ক ভ্রমণের জন্য বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্বিন্যাস করা হলে উপরিউক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী আনুপাতিকভাবে ভাড়ার হার নির্ধারিত হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ)/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।
- ২। এ ভাড়া বৃদ্ধি গ্যাস চালিত মোটরযানের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
  - ৩। ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা রহিত করা হলো।
  - ৪। এ ভাড়ার হার প্রতিটি বাস ও মিনিবাসের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে টাঙ্গিয়ে রাখতে হবে।
  - ৫। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ০৭ আগস্ট ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোঃ মনিরুল আলম)  
উপসচিব